গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৮/২০১৯-২০২০
ঢাকা ২২ ডিসেম্বর রোববার ২০১৯, ৭ পৌষ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আওয়ামী লীগের ২১তম সম্মেলন সম্পন্ন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের সভাপতি এবং ওবায়দুল কাদের সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত

২। জনগণের আস্থা ধরে রাখতে হবে : আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে প্রধানমন্ত্রী

৩। নির্বাচনি ইশতেহার বাস্তবায়নই আওয়ামী লীগের নতুন কমিটির চ্যালেঞ্জ : নবনির্বাচিত সাধারণ সম্পাদক

৪। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ

৫। খুলনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ, যোগ দেবেন রাষ্ট্রপতি

৬। ড্রিমলাইনার 'সোনার তরী' ঢাকায়, 'অচিন পাখি' আসছে : নতুন দু'টি বোয়িং আগামী ২৮ ডিসেম্বর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৭। ১ জানুয়ারি বাণিজ্যমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে বিদেশি সংবাদকর্মীদের সমর্থন চাইলেন পররাষ্ট্রমন্ত্রী

৯। ব্র্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদের প্রতি শ্রদ্ধা নিবেদন আজ

চলমান পাতা-২

**১। আওয়ামী লীগের ২১তম সম্মেলন সম্পন্ন : প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগের সভাপতি এবং ওবায়দুল কাদের সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হয়েছেন। গতকাল (২১ ডিসেম্বর শনিবার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে সাত হাজার ৩৩৭ জন কাউন্সিলর একবাক্যে দু'হাত উঁচিয়ে সর্বসম্মতভাবে তাকে নবমবারের মতো দলের সভাপতি নির্বাচন করেছেন। ১৯৮১ সালে শেখ হাসিনা প্রথম আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন। গত ৩৮ বছর তিনি শীর্ষ পদে থেকে দলকে নেতৃত্ব দিয়ে আসছেন। সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত হয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ছাত্রলীগের দু'বারের সাবেক এ সভাপতিকেও সর্বসম্মতভাবে দ্বিতীয় মেয়াদে দলের সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে। সেইসঙ্গে ৮১ সদস্যের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের ৪২ জন নেতাও সর্বসম্মতভাবে নির্বাচিত হয়েছেন। তাদের মধ্যে ৪০ জনই বিদায়ী কমিটির। দু'জন প্রথমবারের মতো কমিটিতে এসেছেন। সাবেক নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান এই প্রথম আওয়ামী লীগের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম কার্যনির্বাহী সংসদে এলেন। তাকে সভাপতিমন্ডলীর সদস্য করা হয়েছে। সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকিও প্রথমবারের মতো কার্যনির্বাহী সংসদে এলেন। তাকে মহিলাবিষয়ক সম্পাদক করা হয়েছে। দু'জন প্রথমবারের মতো কমিটিতে এসেছেন। সাবেক নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান এই প্রথম আওয়ামী লীগের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম কার্যনির্বাহী সংসদে এলেন। তাকে সভাপতিমন্ডলীর সদস্য করা হয়েছে। সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকিও প্রথমবারের মতো কার্যনির্বাহী সংসদে এলেন। তাকে মহিলাবিষয়ক সম্পাদক করা হয়েছে।

পদোন্নতি পেয়েছেন বিদায়ী কমিটির আট নেতা। অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক ও আবদুর রহমানকে সভাপতিমন্ডলীর সদস্য করা হয়েছে। ছাত্রলীগের সাবেক এ দুই সাধারণ সম্পাদক আওয়ামী লীগের বিদায়ী কমিটিতে যুগ্ম সাধারণ সম্পাদক পদে ছিলেন। বিদায়ী কমিটির প্রচার ও প্রকাশনা সম্পাদক তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ ও সাংগঠনিক সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম পদোন্নতি পেয়েছেন। তাদের যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

**২। জনগণের আস্থা ধরে রাখতে হবে : আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলকে শক্তিশালী করার পাশাপাশি মানুষের আস্থা ও বিশ্বাস সমুন্নত রাখতে দলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, গত দশ বছরে বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। দেশের উন্নয়নে আমরা অনেক কাজ করেছি। আমাদের আরো অনেকদূর এগিয়ে যেতে হবে। সংগঠনকে শক্তিশালী করুন। মানুষের আস্থা ধরে রাখুন। তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর নীতি-আদর্শ ও ত্যাগের মহিমা নিয়ে মানুষের কল্যাণে কাজ করতে হবে। মানুষের মৌলিক অধিকার পূরণ করাই আমাদের লক্ষ্য। গতকাল (২১ ডিসেম্বর শনিবার) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন প্রাঙ্গণে নির্মিত প্যান্ডেলে আওয়ামী লীগের ২১তম ত্রিবার্ষিক জাতীয় সম্মেলনের কাউন্সিল অধিবেশনে সূচনা বক্তব্যে এবং টানা নবমবারের মতো দলের সভাপতি পুনর্নির্বাচিত হওয়ার পর প্রতিক্রিয়া জানাতে গিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৩। নির্বাচনি ইশতেহার বাস্তবায়নই আওয়ামী লীগের নতুন কমিটির চ্যালেঞ্জ : নবনির্বাচিত সাধারণ সম্পাদক**

দলের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নই নতুন কমিটির জন্য চ্যালেঞ্জ হিসেবে দেখছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পদে পুনর্নির্বাচিত সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। একইসঙ্গে তিনি দলকে স্মার্ট ও সাংগঠনিকভাবে শক্তিশালী হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন। গতকাল (২১ ডিসেম্বর শনিবার) দলের সাধারণ সম্পাদক পদে টানা দ্বিতীয়বারের মতো নির্বাচিত হন ওবায়দুল কাদের। এর পরপরই দলীয় সভাপতি শেখ হাসিনার ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া জানাতে গিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৪। **আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ**

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ায় তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ গতকাল (২১ ডিসেম্বর শনিবার) তাঁর মিন্টু রোডের সরকারি বাসভবনে উষ্ণ ফুলেল শুভেচ্ছা সিক্ত হয়েছেন। তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান, তথ্যসচিব আবদুল মালেক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ, রাজনৈতিক নেতারা, গণমাধ্যম প্রতিনিধিরা, মন্ত্রীর সংসদীয় আসনের বিভিন্ন এলাকায় গণ্যমান্য ব্যক্তিরা, স্থানীয় জনগণ, তথ্য মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীরা তথ্যমন্ত্রীকে উষ্ণ অভিনন্দন জানান। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

৫। **খুলনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ, যোগ দেবেন রাষ্ট্রপতি**

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে আজ। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সমবাবর্তনে যোগ দেবেন। এর আগে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে নবনির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল 'কালজয়ী মুজিব' উদ্বোধন করবেন। সূত্র : **বাংলাদেশ প্রতিদিন** (পৃ.১১,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

৬। **ড্রিমলাইনার 'সোনার তরী' ঢাকায়, 'অচিন পাখি' আসছে :**
**নতুন দু'টি বোয়িং আগামী ২৮ ডিসেম্বর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের নতুন বোয়িং ৭৮৭-৯ ড্রিমলাইনার 'সোনার তরী' ঢাকায় এসে পৌঁছেছে। গতকাল (২১ ডিসেম্বর শনিবার) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এটি অবতরণ করে। আগামী ২৪ ডিসেম্বর মঙ্গলবার ঢাকায় আসবে 'অচিন পাখি' নামের আরেকটি ড্রিমলাইনার। প্রধানমন্ত্রী শেখ হাসিনা উড়োজাহাজ দুটির নামকরণ করেন 'সোনার তরী' ও 'অচিন পাখি'। এ দুটি উড়োজাহাজ যুক্ত হওয়ায় মধ্যে দিয়ে বিমান বহরে উড়োজাহাজের সংখ্যা দাঁড়াচ্ছে ১৮টি এবং এর মধ্যে ড্রিমলাইনারের সংখ্যা ছয়। আগামী ২৮ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন এ দুটি উড়োজাহাজ এবং বিমানের মোবাইল অ্যাপস উদ্বোধন করবেন। সূত্র : **বাংলাদেশ প্রতিদিন** (পৃ.১১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** ( শেষ পৃ,ক.১)।

৭। **১ জানুয়ারি বাণিজ্যমেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

২৫তম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় স্থাপন করা হচ্ছে 'বঙ্গবন্ধু প্যাভিলিয়ন'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রাম ও দেশ গঠনে তাঁর ভুমিকা ও স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের উদ্যোগ ছাড়াও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ গঠনের নানা উদ্যোগ প্রদর্শিত হবে এ প্যাভিলিয়নে। থাকবে অডিও ভিডিও নানা ডকুমেন্টসহ পুস্তিকা। ঢাকার শেরেবাংলানগরে বাণিজ্য মেলার মাঠে গণপূর্ত অধিদপ্তর প্রায় পাঁচ হাজার বর্গফুটের এ প্যাভিলিয়ন নির্মাণ করছে। বাণিজ্য মেলায় উদ্বোধন দিনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ প্যাভিলিয়ন পরিদর্শন ও উদ্বোধন করবেন। সূত্র : **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.২)।

৮। **রোহিঙ্গা প্রত্যাবাসনে বিদেশি সংবাদকর্মীদের সমর্থন চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশ সফররত বিদেশি সাংবাদিক ও লেখকদের দেশে ফিরে রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে কলম ধরার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেছেন, মানবিক কারণে রোহিঙ্গাদের বাংলাদেশ আশ্রয় দিয়েছিল। এখন তারা নানা সমস্যার সৃষ্টি করছে। তাদের যথাযথ সম্মানের সঙ্গে দেশে ফিরে যেতে কাজ করতে হবে। আপনারাও কলম ধরুন এ বিষয়ে। গতকাল (২১ ডিসেম্বর শনিবার) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বাংলাদেশ সফররত বিদেশি প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৯। **ব্র্যাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদের প্রতি শ্রদ্ধা নিবেদন আজ**

ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান ফজলে হাসান আবেদের মরদেহে শ্রদ্ধা নিবেদন আজ। এদিন তাঁর মরদেহে সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য রাজধানীর আর্মি স্টেডিয়ামে সকাল সাড়ে ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত রাখা হবে। একই স্থানে তাঁর জানাজাও অনুষ্ঠিত হবে। পরে বনানীতে লাশ দাফন করা হবে। ফজলে হাসান আবেদের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র : **যুগান্তর** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বরিশাল বিমানবন্দরে কোনো আবহাওয়ার ইউনিট না থাকায় আবহাওয়ার অনুমাননির্ভর তথ্যে চলছে বিমানের ওঠানামা উল্লেখ করে আনুষাঙ্গিক উন্নয়নের মাধ্যমে বিমানবন্দরটি নিরাপদ ও যাত্রীবান্ধব করার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** নতুন পেঁয়াজ বাজারে আসার পর দাম কমলেও আবার বাজারে দাম বৃদ্ধি পাওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** ঈশ্বরদিতে চলন্ত বাস থেকে এক যাত্রীকে ধাক্কা মেরে ফেলে হত্যা করেছে বাসের সহকারী এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ নৃশংস ঘটনার জন্য দায়ীকে সর্বোচ্চ শাস্তির আওতায় আনার দাবি।

ঘ. **যুগান্তর :** ২০১৭ সালে বায়ুদুষণসহ নানা দূষণে দেশে ২ লাখ ৭ হাজার মানুষ প্রাণ হারিয়েছে উল্লেখ করে এর কারণ খুঁজে বের করে প্রতিকারের ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** সরকারি চাকরিতে চূড়ান্ত নিয়োগের আগে স্বাস্থ্য পরীক্ষা অংশ হিসেবে ডোপ টেস্ট (মাদকদ্রব্য) বাধ্যতামূলক করা হলেও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংকটে রয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উল্লেখ করে এ ক্ষেত্রে জরুরি ভিত্তিতে পর্যাপ্ত অর্থবরাদ্দ এবং কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **অবজারভার :** অগ্নিদুর্ঘটনা এড়াতে সব ধরনের ভবনে যথাযথ অগ্নিনির্বাপন ব্যবস্থা রাখার ওপর গুরুত্বারোপ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'যোগ্য নেতৃত্ব ও পরিচ্ছন্ন রাজনীতিই হোক অঙ্গীকার '** শিরোনামে নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্ব ও পরিচ্ছন্ন রাজনীতির দীক্ষাই হওয়া উচিত আগামীর রাজনীতিবিদদের পথচলার মন্ত্র।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা